



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
প্রশাসন (কেন্দ্রীয়) শাখা
www.doga.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৫৩০

তারিখ: ২ মাঘ ১৪২৯
১৬ জানুয়ারি ২০২৩

বিষয়: উচ্চতর শ্রেণির বাসা/বাড়ি বরাদ্দ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে প্রাধিকার অপেক্ষা উচ্চতর শ্রেণির বাসা/বাড়ি বরাদ্দ প্রদান করা হয়েছে তাদের নিকট হতে সরকারের প্রাপ্য বাড়ি ভাড়াভাতা (Bangladesh Allocation Rules, 1982 এর Rule-4 অনুযায়ী) যথাযথ আদায় করা আবশ্যিক।

এমতাবস্থায়, বরাদ্দ প্রাপকগণকে তাদের প্রাপ্য বাড়ি ভাড়াভাতা ও অন্যান্য কর্তনাদি যথারীতি পরিশোধ করে সরকারের প্রাপ্য অবশিষ্ট অর্থ চালানোর মাধ্যমে জমা প্রদান করে এ পরিদপ্তর হতে না-দাবী সনদপত্র গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত চালান কোড উল্লেখ করা হলো এবং সংশ্লিষ্ট ফরম সংযুক্ত করা হলো।

চালান কোড

বাসা ভাড়া/গ্যারেজ : ১-৩২৩৭-০০০০-২১১১
পানি ও পয়ঃ কর : ১-৩২৩৭-০০০০-২১২৩
পৌরকর : ১-৩২৩৭-০০০০-২১২৭
গ্যাস বিল (তিতাস) : ১-৩২৩৭-০০০০-২১১৭
(যদি লাইনের গ্যাস সংযোগ থাকে)

এ সংক্রান্ত আরও তথ্যাদির জন্য নিম্নবর্ণিত নম্বরে অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো:

০২-৫৫১০০২৯৪ / ০২-৫৫১০০৯১৭

১৬-১-২০২৩

আব্দুল্লাহ-আল-নোমান

সহকারী পরিচালক

ফোন: ০২-৫৫১০০৯১৭

ফ্যাক্স: +৮৮০২৯৫৪৬৪৩

ইমেইল: adminsec@doga.gov.bd

সভাপতি/সাধারণ সম্পাদক, কল্যাণ সমিতি, সরকারি
আবাসন এলাকা (সকল), ঢাকা

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৫৩০/১

তারিখ: ২ মাঘ ১৪২৯
১৬ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৬) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
- ৭) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৯) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
- ১০) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর



১৬-১-২০২৩

আব্দুল্লাহ-আল-নোমান
সহকারী পরিচালক

বরাবর,

পরিচালক

সরকারি আবাসন পরিদপ্তর

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সরকারি বাসা/বাড়ী নং-.....এর অনুকূলে বকেয়া নেই মর্মে
সাময়িক/চূড়ান্ত না-দাবী পত্র জারী প্রসংগে।

জনাব,

বিষয়ে উল্লেখিত বাসা/বাড়ীটি আমার নামে বরাদ্দ করা হয়। উক্ত বাসা/বাড়ীটি আমি
গত.....তারিখে দখল নিয়ে বসবাস করে আসছি। দখলের তারিখ/সাময়িক না-দাবী পত্র
গ্রহণের পরবর্তী তারিখ..... হতেতারিখ পর্যন্ত সরকারি নিয়ম অনুযায়ী
আমার বেতন বিল হতে বাড়ী ভাড়া, পানি কর, পয়ঃকর, পৌর কর এবং গ্যাস বিল কর্তন করা হয়। কর্তন
বিবরণী/ট্রেজারী চালান সংশ্লিষ্ট ডিডিও/ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক যাচাই পূর্বক মূল কপি ও
হালনাগাদ বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন পত্র এতদসংগে সংযুক্ত করা হলো।

অতএব, আমার অনুকূলে.....হতে..... তারিখ পর্যন্ত সাময়িক/চূড়ান্ত “না-
দাবী” পত্র জারী করার জন্য অনুরোধ করছি।

সংযুক্তঃ

- (১).....তারিখ হতে.....তারিখ পর্যন্ত বাসা
ভাড়া ও অন্যান্য কর কর্তন বিবরণী/ট্রেজারী চালানের মূল কপি।
- (২) বাসা বরাদ্দের কপি।
- (৩) বাসা দখল গ্রহণের কপি।
- (৪) বাসা হস্তান্তরের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- (৫) বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন পত্র।
- (৬) অবসর আদেশের কপি।(প্রযোজ্য ক্ষেত্রে)।
- (৭) বাসায় বসবাসকালীন সময়ে ঢাকার বহিরে কর্মরত ছিলেন কি-না এ মর্মে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের
প্রত্যয়নপত্র/পিডিএস।

তারিখ.....

নিবেদক,

নাম ও স্বাক্ষরঃ.....
পদবীঃ.....
পূর্ণ অফিস ঠিকানাঃ.....
.....
ফোন/মোবাইলঃ.....
ই-মেইলঃ.....

বিঃ দ্রঃ বাসা ভাড়া ও অন্যান্য কর কর্তন বিবরণী নন-গেজেটেড কর্মচারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিডিও কর্তৃক এবং
গেজেটেড কর্মকর্তার ক্ষেত্রে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক যাচাইকৃত হতে হবে।